কুষ্টিয়ায় অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনের কারাদণ্ড

কুষ্টিয়ার দৌলতপুরে সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনকে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকেলে উপজেলার ফিলিপনগর ইউনিয়নের বাহিরমাদী এলাকায় সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা ও সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে দু’জনকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহীদুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, সরকারি খাল থেকে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা, সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে ২ জনকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতে সেলিম রেজা ও ফরজ আলীকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও দৌলতপুর সহকারী কমিশনার (ভূমি) মো. শাহীদুল ইসলাম। পরে তাদের পুলিশের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়।

কুষ্টিয়ায় ড্রাম ট্রাকের চাপায় ব্যবসায়ী নি*হত

কুষ্টিয়ায় ড্রাম ট্রাকের চাপায় জামাল উদ্দিন মেম্বার (৬০) নামে এক ব্যবসায়ী নিহত হয়েছে। আজ মঙ্গলবার সকালের দিকে শহরতলীর (কুষ্টিয়া-খুলনা মহাসড়কের) বটতৈল মোড় কেএনবির প্রতিষ্ঠানের সামনে এ ঘটনা ঘটে।

নিহত জামাল উদ্দিন মেম্বার কুষ্টিয়া সদর উপজেলার বল্লভপুর এলাকার মোশারফের ছেলে। সে বল্লভপুর এলাকার সরকার রাইচ মিলের

স্বত্বাধিকারী।

স্থানীয়দের বরাত দিয়ে হাইওয়ে থানার অফিসার ইনচার্জ লিয়াকত আলী জানান, জামাল মেম্বার বল্লভপুর তার ব্যবসায়িক প্রতিষ্ঠান থেকে ব্যবসায়ীক কাজে মোটর সাইকেলযোগে কুষ্টিয়া শহরে আসার সময় বিপরীত দিক থেকে ছেড়ে আসা একটি বালুবাহী ড্রাম ট্রাক কেএনবি প্রতিষ্ঠানের সামনে পৌঁছা মাত্র গতি নিয়ন্ত্রণ করতে না পেরে চাল ব্যবসায়ীকে চাপা দেয়। ঘটনাস্থলে চাল ব্যবসায়ী জামাল উদ্দিন মেম্বার মারা যায়। পুলিশ মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে প্রেরণ করেন।

এ ঘটনায় ঘাতক ড্রাম ট্রাকটিকে আটক করলেও চালককে আটক করতে পারিনি পুলিশ।

কুষ্টিয়ায় তাপমাত্রা ৯ ডিগ্রি, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

কুষ্টিয়ায় তাপমাত্রা কমে ৯ ডিগ্রিতে নেমে যাওয়ায় প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে। তবে তার আগেই শিক্ষার্থীরা স্কুলে চলে এসেছিল। যদিওবা অন্যান্য দিনের শৈত্য প্রবাহের থেকে আজকে রৌদ্রজ্বল বেশি ছিল।

আবহাওয়া অফিস থেকে জানা যায়, কুষ্টিয়া জেলার উপর দিয়ে বইছে শৈত্য প্রবাহ। আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) সকাল ৭টায় জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা উপস্থিত হলেও তাদের ক্লাস না নিয়ে ছুটি ঘোষণা করা হয়। তবে কিছু কিছু বিদ্যালয়ের শিক্ষার্থীরা খেলাধুলায় ব্যস্ত ছিল।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মোস্তাফিজুর রহমান জানান, আবহাওয়া অফিস থেকে তাপমাত্রার তথ্য পাওয়ার পর আজ সকাল ৮টায় বিভিন্ন গ্রুপে প্রাথমিক ও মাধ্যমিক স্কুল বন্ধ রাখার নির্দেশ

দেওয়া হয়েছে। তবে এ নির্দেশ কেবল আজকের জন্যই। আগামীকাল তাপমাত্রা ১০ ডিগ্রির ওপরে গেলে এ নির্দেশ উঠে যাবে।

কুমারখালী আবহাওয়া অফিসের ইনচার্জ মামুন আর রশিদ বলেন, ‘আজ কুষ্টিয়ায় তাপমাত্রা কমে ৯ ডিগ্রিতে নেমেছে।’

সরেজমিনে কুষ্টিয়ার মিরপুর উপজেলার বলিদাপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, স্কুল বন্ধ করে দেওয়া হয়েছে। তবে যে শিক্ষার্থীরা চলে এসেছিল তারা স্কুল প্রাঙ্গণে খেলায় মেতেছে। শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস বলেন, স্কুলে আসার পর আমাদের ম্যাডাম স্কুল ছুটি দিয়ে দিয়েছে। পাশেই বলিদাপাড়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়। সেখানকার শিক্ষার্থীরা খেলাধালায় ব্যাস্ত।

ওই স্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) সুলতান আহমেদ বলেন, ‘শিক্ষার্থীরা স্কুলে চলে আসায় তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে।’ তবে রোদ্রজ্জল থাকায় কিছু শিক্ষার্থীরা খেলাধুলা করে বাসায় ফিরে গেছে।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাদিরা খানম বলেন, সকাল ৮টা থেকে আমাদের প্রথম শিফট চালু হয়। আবহাওয়ার বৈরিতার কারণে সকাল সোয়া আটটার দিকে ঘোষণা পাওয়ার পরপরই স্কুলের ফেসবুক পেজসহ সব গ্রুপে বন্ধের মেসেজ দিয়ে দিই। এরপরও কিছু শিক্ষার্থী মেসেজ না পেয়ে স্কুলে উপস্থিত হয়। পরে তাদের ফেরত পাঠানো হয়েছে।’

জেলা শিক্ষা অফিসার আল মামুন তালুকদার বলেন, ‘গতরাত ১২টার আগপর্যন্ত যোগাযোগ করেও কুমারখালী আবহাওয়া অফিস থেকে আমরা কোনো রেসপন্স পাইনি। পরে আজ সকাল ৮টার দিকে তারা জানায় যে, তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নেমে গেছে। তাই পরে স্কুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়।’

কুষ্টিয়ার খাজানগরে চালের মোকামে অভিযান, জরিমানা আদায়

দেশের অন্যতম বৃহত্তম চালের মোকাম কুষ্টিয়ার খাজানগরে অভিযান চালিয়েছেন জেলা প্রশাসক। অস্থির চালের বাজার নিয়ন্ত্রণে মঙ্গলবার দুপুরে এই অভিযান শুরু হয়। এক ঘন্টার অভিযানে মোট তিনটি অটো রাইসমিলে যায় অভিযানিক দল।

অভিযানে চালের বেঁধে দেওয়া দামে বিক্রি হচ্ছে কিনা, অতিরিক্ত মজুদ রয়েছে কিনা, ওজন ঠিক দিচ্ছে কিনা, বেঁধে দেওয়া দাম ঠিক আছে কিনা এসব খতিয়ে দেখা হয়।

এ সময় চালের বস্তায় ওজনে কম পাওয়ায় গোল্ডেন রাইস মিলকে ৫০ হাজার ও দেশ এগ্রো লিমিটেডকে ২৫ হাজার টাকা জরিমানা করে ভ্রাম্যমান আদালত। এছাড়াও অভিযানিক দল রশিদ এগ্রো লিমিটেডে গিয়ে সবকিছু তদারকি করেন।

অভিযান শেষে জেলা প্রশাসক এহেতেশাম রেজা বলেন, মন্ত্রণালয়ের নির্দেশে চালের বাজার নিয়ন্ত্রণে জেলা প্রশাসন কাজ করছে। এই অভিযান অব্যাহত থাকবে। অস্বাভাবিকভাবে দাম বাড়ানো হলে বা অবৈধভাবে বাজার নিয়ন্ত্রন করা হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আপাতত মিনিকেট চাল খুচরা বাজারে ৬৪ টাকা কেজি ও আটাশ (মোটা চাল) ৫২ টাকা নির্ধারণ করা হয়েছে। এভাবে খতিয়ে দেখে পরবর্তীর্তে আবারও দাম নির্ধারণ করা হবে।

অভিযানে জেলা প্রশাসকের নেতৃত্বে পুলিশ সুপার এএইচএম আবদুর রকিব, খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ভোক্তা সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, বাজার মনিটরিং দল, কৃষি বিপণন কর্মকর্তা, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

সরকারের সামনেও কোনো বিপদ নেই: হানিফ

সরকারের সামনেও কোনো বিপদ নেই বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

তিনি বলেন, সরকারের সামনেও কোনো বিপদ নেই, সরকার কোনো বিপদেও নেই। সরকারের সামনে বৈশ্বিক অর্থনীতি মোকাবেলার চ্যালেঞ্জ আছে। সেই চ্যালেঞ্জ মোকাবেলা করে এই সরকার দেশকে এগিয়ে নিয়ে যাবে।

আজ সোমবার (২২ জানুয়ারি) বেলা ১২টায় কুষ্টিয়া সদরে উপজেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সঙ্গে মতবিনিময়ের আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন তিনি।

‘যেকোন সময় সরকারকে বিদায় নিতে হবে’ বিএনপির এমন মন্তব্য প্রসঙ্গে মাহবুবউল আলম হানিফ বলেন, সরকার শূন্যের ওপর, আসমানে নাকি মাটিতে আছে সেটা জনগণ জানে। রাজনীতি থেকে নির্বাসনে গিয়ে বিএনপি দিশেহারা হয়ে পাগলের প্রলাপ বকছে।

হানিফ আরও বলেন, দেশের রিজার্ভ আবার উর্ধ্বমুখী। আগামী জুন মাসের মধ্যে রিজার্ভ সংকটসহ সবকিছু স্বাভাবিক হয়ে যাবে, অর্থনীতি আবার চাঙ্গা হয়ে যাবে।

এ সময় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নিয়েও কথা বলেন হানিফ। তিনি বলেন, যেকোনো মূল্যে দব্যমূল্য নিয়ন্ত্রণে রাখতে সরকার কাজ করে যাচ্ছে। প্রয়োজন হলে কঠোর সিদ্ধান্ত নেবে সরকার।

বিএনপির বিষোদগার সম্পর্কে হানিফ বলেন, স্বাধীনতার বিপক্ষে থাকা বিএনপির কাছে পাকিস্তান প্রিয়। তারা দেশের উন্নয়ন অগ্রগতি ভালো চোখে দেখে না। পাকিস্তান থেকে বাংলাদেশ এগিয়ে গেছে এটা তাদের জ্বালার কারণ। তাই দেশকে এগিয়ে নেওয়ার জন্য তারা শেখ হাসিনাকেও পছন্দ করেন না। অথচ বাংলাদেশ এখন মধ্যম আয়ের দেশে ধাবিত হচ্ছে দেখে পুরো বিশ্ব শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করছে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন উপজেলা চেয়ারম্যান আতাউর রহমান আতা।

কুষ্টিয়ায় নাট্যগোষ্ঠীদের সঙ্গীত বাদ্যযন্ত্র উপহার দিলেন জেলা প্রশাসক

বাংলা সাহিত্যের অমর কথা সাহিত্যিক মীর মশাররফ হোসেন এর বাস্তুভিটা কুমারখালি উপজেলার লাহিনীপাড়ার মীর মশাররফ হোসেন নাট্যগোষ্ঠীকে সঙ্গীত বাদ্যযন্ত্র উপহার দেওয়া হয়েছে।

আজ রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা প্রশাসনের পক্ষ থেকে এসব বাদ্যযন্ত্র প্রদান করা হয়।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ এহেতেশাম রেজা চাপড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এনামুল হক মনজুর হাতে এসব বাদ্যযন্ত্র তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহাবুবুল হক, আদর্শ ডিগ্রি কলেজের অধ্যক্ষ আলতাফ হোসেন প্রমুখ।

জাতীয় পার্টি বিরোধী দলে ছিল, এখনও তারাই বিরোধী দল: হানিফ

জাতীয় পার্টি বিরোধী দলে ছিল, এখনও তারাই বিরোধী দল বলো মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ।

বিরোধী দল হিসেবে জাতীয় পার্টি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা প্রকাশও করেন তিনি।

রোববার (২১ জানুয়ারি) সকালে কুষ্টিয়া মোহিনী মিল মাঠে রহিমা-

আফছার স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্ণামেন্ট এর উদ্বোধনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

বিরোধী দল প্রসঙ্গে আওয়ামী লীগের এই নেতা বলেন, জাতীয় পার্টি বিরোধী দলে ছিল, এখনও তারাই বিরোধী দল। আশা করছি বিরোধী দল হিসেবে জাতীয় পার্টি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

জনবিচ্ছিন্ন বিএনপির প্রলাপ নিয়ে কথা না বলার জন্য গণমাধ্যমকে আহ্বান জানিয়ে মাহবুবউল আলম হানিফ বলেন, উৎসব মুখর পরিবেশে নির্বাচনে অংশ নিয়ে জনগণ প্রমাণ করেছে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন গ্রহনযোগ্য হয়েছে। যা ইতিমধ্যেই দেশে-বিদেশেও গ্রহণযোগ্য হয়েছে। তাই এ নির্বাচন নিয়ে কথা বলে কেউ হয়ত মানুষিক শান্তি পেতে পারে এছাড়া আর কোন লাভ নেই।

এ সময় নির্বাচন পরবর্তি দলের সাংগঠনিক অবস্থা নিয়ে হানিফ বলেন, নির্বাচনে বাধা না থাকায় দলের অনেক নেতাকর্মী স্বতন্ত্র প্রার্থী হয়েছিলো। যে কারণে দলের মধ্যে কিছুটা বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি হয়েছে। এটা নিরসনে ইতিমধ্যেই পরিকল্পনা নিয়ে কাজ শুরু হয়েছে। জাতীয় নির্বাচন নিয়ে দলের মধ্যে যে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে উপজেলা নির্বাচনের আগেই তা আর থাকবে না।

পরে পায়রা ও বেলুন উড়িয়ে এবং ক্রিকেট ব্যাট দিয়ে বল মোকাবিলার মধ্য দিয়ে ক্রিকেট টুর্ণামেন্টের উদ্বোধন করেন।

কুষ্টিয়ায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত হলেন মাহবুবউল আলম হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি কুষ্টিয়ায় সাধারণ মানুষের সাথে নির্বাচন পরবর্তী শুভেচ্ছা বিনিময়কালে বলেছেন, আমি আপনাদের ভালোবাসার কাছে ঋণী। আমাকে নির্বাচিত করে তৃতীয়বারের মতো যে দায়িত্ব দিয়েছেন তা যেন আপনাদের সাথে নিয়ে সুন্দরভাবে পালন করতে পারি। আমার জীবন দিয়ে হলেও আমি আপনাদের উন্নয়ন-অগ্রগতি এবং শান্তি ও কল্যাণে পাশে

থাকবো। উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত থাকবে।

আজ শনিবার দুপুর থেকে বিকেল পর্যন্ত কুষ্টিয়া সদর উপজেলার মনোহরদিয়া, পাটিকাবাড়ি, ঝাউদিয়া, ঊজানগ্রাম, গোস্বামী দূর্গাপুর, আইলচারা, বটতৈল ইউনিয়নের বিভিন্ন এলাকায় শুভেচ্ছা বিনিময় করেন।

নির্বাচনের পরে সর্বস্তরের সাধারণ মানুষ ও দলীয় নেতাকর্মীরা মাহবুবউল আলম হানিফ এমপিকে কাছে পেয়ে ফুলেল শুভেচ্ছা জানান এবং সেইসাথে তৃতীয়বারের মতো বিপুল ভোটের ব্যবধানে সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন জানান।

কুষ্টিয়া সদর উপজেলা সবচেয়ে পিছিয়ে পড়া একটি জনপদ ছিল যেটিকে উন্নয়নের রোল মডেলে পরিণত করায় এবং কুষ্টিয়া সদরকে শান্তির জনপদে পরিণত করায় মাহবুবউল আলম হানিফ এমপির প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন গ্রামের সাধারণ মানুষ।

এসময় সর্বস্তরের জনতার উদ্দেশে মাহবুবউল আলম হানিফ বলেন, আমি মনে করি, আপনাদের দেয়া এই ভোট আমার কাছে এক একটি আমানত। এই আমানতের যাতে কোনোভাবেই খেয়ানত না হয় সেই প্রচেষ্টা আমার থাকবে।

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আপনাদের কল্যাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাঁরই নির্দেশিত পথে আমি আপনাদের উন্নয়নে কাজ করে যাচ্ছি। কাজের মধ্যে কোথাও কোনো ত্রুটি থাকলে কিংবা কোনো কাজ বাদ পড়লে আপনারা আমাকে সাথে সাথে জানাবেন।

এসময় তাঁর সাথে ছিলেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আসগর আলী, যুগ্ম সাধারণ সম্পাদক শেখ হাসান মেহেদী, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মমিনুর রহমান মোমিজ, তথ্য ও গবেষণা সম্পাদক রাশেদুল ইসলাম বিপ্লব, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল হকসহ বিভিন্ন ইউনিয়ন পর্যায়ের আওয়ামী লীগের নেতা ও কর্মীরা।

কুষ্টিয়ার ভেড়ামারাতে নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি জব্দ, গোডাউন সিলগালা

কুষ্টিয়ার ভেড়ামারা থেকে বিপুল পরিমান নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি, তামাক, বিড়ির লেবেল এবং নকল ব্যান্ডরোল জব্দ করে গোডাউন সিলগালা করে দিয়েছে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনের আভিযানিক দল।

গোপন সংবাদের ভিত্তিতে গতকাল শুক্রবার (১৯ জানুয়ারি) দুপুরে ভেড়ামারা উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের আড়কান্দি বাজার সংলগ্ন করিম বিড়ি ফ্যাক্টরিতে কাস্টমের যৌথ অভিযান পরিচালনা করে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনের কর্মকর্তারা।

অভিযানকালে করিম বিড়ি ফ্যাক্টরির গোডাউন থেকে ঘোষনা বহির্ভূত প্রক্রিজাতকরণ ৯২৬ বস্তা (প্রতি বস্তায় ৪০ কেজি) তামাক স্থানীয় বাহাদুরপুর ইউনিয়নের চেয়ারম্যান সোহেল রানা পবনের জিম্মায় ২ টি গোডাউন সিলগালা করা হয়। এছাড়াও ঘোষনা বহির্ভূত থাকায় ৯৯ বস্তা বিড়ির লেবেল বা পেটি বিড়ির পেপার, ১৪ বস্তা নকল ব্যান্ডরোলযুক্ত করিম বিড়ি এবং ৫ পেটি বা ২৫০০ সিট নকল ব্যান্ডরোল জব্দ করা হয়।

এ বিষয়ে বাহাদুরপুর ইউনিয়নের চেয়ারম্যান সোহেল রানা পবন বলেন, ‘অভিযান পরিচালনা করে ২টি গোডাউন সিলগালা করেছেন কর কর্মকর্তারা এবং বেশ কিছু তামাক, নকল ব্যান্ডরোল এবং বিড়ির পেপার জব্দ করে নিয়ে গেছেন।’

কুষ্টিয়ার দৌলতপুরে ৪ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুর থেকে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৪

কেজি গাঁজাসহ রুবেল হোসেন (৩২) নামে এক মাদক কারবারীকে আটক করেছে।

শনিবার র্যাব-১২’র সিপিসি-১, কুষ্টিয়া কোম্পানীর একটি চৌকষ আভিযানিক দল ‘‘কুষ্টিয়া জেলার দৌলতপুর থানাধীন বাগুয়ান কান্দিরপাড়া গ্রামে” একটি অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় চার কেজি গাজা উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ১ লাখ ২০ হাজার টাকা।

আটককৃত রুবেল হোসেন দৌলতপুর উপজেলার বাগুয়ান এলাকার মোঃ মোজাম্মেল হকের ছেলে।

র্যাব-১২, সিপিসি-১ কুষ্টিয়ার কোম্পানী কমান্ডার লেঃ কমান্ডার বিএনএম আবুল হাশেম সবুজ জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, আসামিদ্বয় দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলার বিভিন্ন থানা এলাকায় মাদক দ্রব্য ক্রয়-বিক্রয় করে আসছিলো।

আটককৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দৌলতপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এ ধরণের মাদক উদ্ধার অভিযান সচল রেখে মাদকমুক্ত সোনার বাংলা গঠনে র্যাব-১২, বদ্ধপরিকর বলেও জানান তিনি।